দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 23 JUL 2017 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৪ ...

# ওয়ার্ল্ড ইউনিভার্সিটিতে শিক্ষার মানোন্নয়ন বিষয়ক মতবিনিময় সভা

ওয়ার্ল্ড ইউনিভার্সিটি অব বাংলাদেশ আয়োজিত 'শিক্ষার মান উন্নয়ন' বিষয়ক এক মতবিনিময় সভা শুক্রবার বিশ্ববিদ্যালয়ের মেইন ক্যাম্পাস মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। সেমিনারে ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক ড. আবদুল মান্নান চৌধুরীর সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন ও উচ্চশিক্ষা বিভাগের সচিব মোঃ সোহরাব হোসাইন। অনুষ্ঠানে বিষয়ভিত্তিক ধারণাপত্র তুলে ধরেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ মোর্শেদা চৌধুরী।

মতবিনিময় সভায় অংশগ্রহণকারীদের মধ্যে ছিলেন- ঢাকা বিশ্ববিদ্যালয়সহ ঢাকাস্থ প্রায় ৫০টি কলেজের অধ্যক্ষ, উপাধ্যক্ষ, বিভাগীয় প্রধানগণ এবং ওয়ার্ল্ড ইউনিভার্সিটির উপ-উপাচার্য অধ্যাপক ড. এম নূরুল ইসলাম, এ্যাডভাইজর অধ্যাপক ড. মুশফিক এম চৌধুরী, ডিনবৃন্দ, বিভাগীয় প্রধানগণ ও বিশ্ববিদ্যালয়ের শীর্ষ কর্মকর্তাগণ। তারা ওই বিশ্ববিদ্যালয়ের জীবন ঘনিষ্ঠ এবং মানসম্পন্ন শিক্ষাকে আরও যুগোপযোগী করার জন্য কিছু সুনির্দিষ্ট পদক্ষেপ বিশেষত মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং; মাস্টার্স অব বিজনেস এডুকেশন (এমবিই) ট্যুরিজম ও হসপিটালিটি ম্যানেজমেন্ট এবং আর্কিটেকচার শিক্ষার প্রসারে পরামর্শও দেন। -বিজ্ঞপ্তি